

# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

www.bcct.gov.bd
facebook.com/www.bcct.gov.bd

# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২

প্রকাশক
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকাশকাল
নভেম্বর-২০২২

সম্পাদনা
নাসির-উদ-দৌলা
সচিব, বিসিসিটি
ও
আহ্বায়ক
বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট

সহযোগী সম্পাদক
ইঞ্জিঃ আহম্মদ শাহ
সহকারী পরিচালক, বিসিসিটি
মোঃ ইউসুফ মেহেদী
সহকারী পরিচালক, বিসিসিটি
মোঃ মোস্তফা কামাল
সহকারী পরিচালক, বিসিসিটি
মোঃ মোস্তফা রায়হান
সহকারী পরিচালক, বিসিসিটি

# শুভেচ্ছা বাণী

অপার সৌন্দর্যের লীলাভুমি বাংলাদেশ। ঐতিহ্যবাহী সংস্কৃতি, ইতিহাস ও সমৃদ্ধ জীববৈচিত্র্যের কারণে এই দেশ সোনার বাংলা হিসেবে পরিচিত। কিন্তু জলবায়ু পরিবর্তনজনিত নানা কারণে আবহমান বাংলার সেই রুপ-লাবণ্য মলিন হতে বসেছে। বর্তমানে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিভিন্ন প্রাকৃতিক কারণে বাংলাদেশ পৃথিবীর অন্যতম জলবায়ু ঝুঁকিপূর্ণ একটি দেশ। ইতোমধ্যে এদেশের কৃষি, পানি, জীববৈচিত্র্য, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য, অবকাঠামোসহ প্রায় সকল ক্ষেত্রেই জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব পড়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব সমগ্র মানবজাতির উন্নয়নের জন্য এক বিরাট চ্যালেঞ্জ। ক্রমবর্ধমান নগরায়ণ ও শিল্পায়নের ফলে প্রতিনিয়ত নষ্ট হচ্ছে পৃথিবীর জলবায়ুর স্বাভাবিক আচরণ ও প্রাকৃতিক ভারসাম্য। বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের নির্দোষ শিকার।

স্বল্পোন্নত দেশ হওয়া সত্ত্বেও জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী উন্নত দেশের তহবিল প্রাপ্তির উপর নির্ভর না করে নিজস্ব অর্থায়নে জলবায়ু পরিবর্তনের বৈরি প্রভাব মোকাবেলার জন্য ২০০৯ সালে প্রনয়নকৃত ১০ বছর মেয়াদী বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা-২০০৯ (BCCSAP-2009) গ্রহণ করা হয় এবং তা বাস্তবায়নের জন্য সরকারের রাজস্ব বাজেট হতে গঠন করা হয় 'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ)'। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক অভিঘাত মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকারের গৃহীত এ উদ্যোগ সমগ্র বিশ্বে ভূয়সী প্রশংসা অর্জন করে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী সিদ্ধান্ত ও নেতৃত্ব প্রদান এবং পরিবেশ সুরক্ষা ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য জাতিসংঘের পরিবেশ বিষয়ক সর্বোচ্চ পুরস্কার "Champions of the earth-2015" প্রদান করা হয়েছে।

জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় বিভিন্ন প্রকল্প গ্রহণের মাধ্যমে স্থানীয় জনগণের সক্ষমতা বৃদ্ধি ও জলবায়ু সহিষ্ণু প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ করাই বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের লক্ষ্য ও উদ্দেশ্য। বিসিসিটি'র অর্থায়নে গৃহিত নানাবিধ কার্যক্রম প্রয়োজনের তুলনায় অপ্রতুল হলেও জলবায়ু পরিবর্তনের বৈরি প্রভাব মোকাবেলায় অতুলনীয় পদক্ষেপ। মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগে গঠিত 'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড' আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশকে নতুন করে পরিচিতি দিয়েছে। এই উদ্যোগ জলবায়ু পরিবর্তনের বৈরি প্রভাব মোকাবেলায় অগ্রণী ভূমিকা রাখছে, যা আগামী দিনে নিরাপদ বাংলাদেশ বিনির্মাণে পথিকৃৎ।

"বার্ষিক প্রতিবেদন ২০২১-২২" প্রকাশের এ মহতী উদ্যোগে আমি জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের মাননীয় সদস্যবৃন্দ, ট্রাস্টি বোর্ডের সদস্য-সচিব ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয়কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। মূলতঃ তাঁদের প্রত্যক্ষ এবং সুচিন্তিত নির্দেশনায় বিসিসিটির সকল কার্যক্রম সুষ্টুভাবে পরিচালিত হচ্ছে। এছাড়া, আমি আরও ধন্যবাদ জানাই কারিগরি কামিটির সদস্যগণকে যাঁরা জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় প্রকল্প বাছাই কার্যক্রমে তাঁদের মেধা ও শ্রম দিয়ে বিসিসিটিকে বিশেষভাবে সহায়তা করছেন। এ প্রতিবেদন প্রকাশে কমিটিতে যারা নিরলস পরিশ্রম ও মেধাশক্তি ব্যয় করেছেন তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি বিশ্বাস করি তাঁদের সম্মিলিত প্রচেষ্টায় প্রস্তুতকৃত এই প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

চেয়ারম্যান
জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড
ও
মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# শুভেচ্ছা বাণী

বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের নির্দোষ শিকার। একথা সর্বজন স্বীকৃত যে, এদেশ জলবায়ু পরিবর্তনের কারণে চরম বিপন্ন। বাংলাদেশের নিম্নাঞ্চল পৃথিবীর বৃহত্তম নদীর মোহনায় গঠিত হওয়ায় প্রাকৃতিক দুর্যোগকবলিত হওয়ার প্রবণতা বেশি। অধিকন্তু, এই ভূ-খন্ড এশিয়ার বৃষ্টিবহুল এলাকা দ্বারাও পরিবেষ্টিত। এ দেশের ৬০ শতাংশ ভূমি সমুদ্রপৃষ্ঠ হতে মাত্র ৫ মিটার উপরে। HCCPR (Headley Center for Climate Prediction and Research) এর প্রাক্কলন অনুযায়ী বাংলাদেশে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ২০৮০ সালে ৪০ সেন্টিমিটার (১৫ ইঞ্চি) বৃদ্ধি পাবে (Streatfield, ২০১৮)। জার্মানভিত্তিক গবেষণা সংস্থা 'জার্মানওয়াচ' এর সর্বশেষ (২০১৭) গবেষণা প্রতিবেদন অনুযায়ী জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক বিপর্যয় ঘটতে পারে এমন দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান ৬ষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জলবায়ু পরিবর্তনের বিষয়টিকে দেশের উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে স্বীকৃতি দিয়েছে। যার ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় ২০০৯-১০ সালে জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ড গঠন করা হয়। এই তহবিল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ বলবৎ করা হয়। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট (BCCT), জলবায়ুর ক্ষতিকর প্রভাব মোকাবেলায় BCCSAP-2009 এর বিভিন্ন থিমেটিক এরিয়া অনুযায়ী প্রকল্প গ্রহন ও বাস্তবায়নে সহায়তা করার মাধ্যমে নিরলসভাবে তাঁর ঐকান্তিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ১৮(৪) এর বাধ্যবাধকতা, কার্যক্রমে অধিক স্বচ্ছতা ও জবাবদিহিতা-এছাড়াও বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি), জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় দেশব্যাপী কি কি কার্যক্রম গ্রহন করেছে, তা দেশ ও জনগনের সম্মুখে প্রকাশ করাই- এই প্রতিবেদনের মূল উদ্দ্যেশ্য।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ আইনের বিধান অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ১১ জন মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, অর্থ সচিব, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, পরিকল্পনা কমিশনের একজন সদস্য ও সিভিল সোসাইটির দুই জন বিশেষজ্ঞসহ মোট ১৭ জন সদস্য নিয়ে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। উক্ত বোর্ডকে সহায়তা করার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে ১৩ সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ড গঠন ও জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতিকারক প্রভাব মোকাবেলায় দৃঢ় নেতৃত্বের জন্য ২০১৫ সালে জাতিসংঘ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী পরিবেশ বিষয়ক সর্বোচ্চ পদক "Champions of the Earth" পদকে ভূষিত হয়।

"বার্ষিক প্রতিবেদন ২০২১-২২" প্রকাশের এ শুভ প্রয়াসে আমি জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, ট্রাস্টি বোর্ডের মাননীয় সদস্যবৃন্দকে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় প্রকল্পের কার্যকারিতা ও যর্থাথতা বিবেচনায় প্রকল্প অনুমোদন করার জন্য আন্তরিক সাধুবাধ জানাই। আমি কারিগরি কামিটির সকল সদস্যগণকে যাঁরা জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় প্রকল্প বাছাই কার্যক্রমে তাঁদের মেধা ও শ্রম দিয়ে বিসিসিটিকে বিশেষভাবে সহায়তা করছেন তাদেরকেও অপরিসীম ধন্যবাদ জানাই। আমার দৃঢ় বিশ্বাস, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তার গৃহীত কার্যক্রমের মাধ্যমে একটি বাসযোগ্য ভবিষ্যৎ বাংলাদেশ বির্নিমানে গুরুত্বপুর্ণ ভূমিকা রাখবে।

সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# মুখবন্ধ

ভৌগলিক অবস্থানগত কারণে বাংলাদেশ পৃথিবীর অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রভাবে বিশ্বের ক্ষতিগ্রস্থ দেশসমূহের মধ্যে অন্যতম। সাম্প্রতিক তথ্যমতে, বাংলাদেশের উপকূলে প্রতিবছর ১৪ মিলিমিটার করে সমুদ্রের পানির উচ্চতা বাড়ছে। উদ্বেগজনক তথ্য এই যে, অচিরেই বাংলাদেশের ১৭ ভাগ এলাকা সমুদ্রগর্ভে বিলীন হয়ে যাবে। এমনিতেই বাংলাদেশ একটি ছোট দেশ। তার উপর জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব এ দেশের অর্থনীতি ধ্বংসের সম্মুখিন করে তুলছে। জলবায়ু পরিবর্তনের বৈরি প্রভাব মোকাবেলার জন্য ২০০৯ সালে প্রনয়নকৃত ১০ বছর মেয়াদী বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা (BCCSAP-2009) গ্রহন করা হয় এবং তা বাস্তবায়নের জন্য সরকারের রাজস্ব বাজেট হতে গঠন করা হয় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ)। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক অভিঘাত মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকারের গৃহীত এ উদ্যোগ সমগ্র বিশ্বে ভূয়সী প্রশংসা অর্জন করে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী সিদ্ধান্ত ও নেতৃত্ব প্রদান এবং পরিবেশ সুরক্ষা ও জলবায়ু ঝুঁকি মোকাবেলায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য জাতিসংঘের পরিবেশ বিষয়ক সর্বোচ্চ পুরস্কার “Champion of the earth-2015” প্রদান করা হয়েছে।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ১৮(৪) ধারা অনুযায়ী “ প্রতি আর্থিক বৎসর শেষ হইবার সংগে সংগে ট্রাস্টি বোর্ড উক্ত অর্থ বৎসরের সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে”। আইনের এ বিধান অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিবরণ সম্বলিত “বার্ষিক প্রতিবেদন: ২০২১-২২” এর খসড়া বিগত বছরের ন্যায় এ বছরও প্রণয়ন করা হয়েছে ।

“বার্ষিক প্রতিবেদন ২০২১-২২” প্রণয়নের মূল উদ্দেশ্য হচ্ছে বিগত অর্থ বছরে এ কার্যালয়ের সম্পাদিত যাবতীয় কার্যাবলী বাংলাদেশের জনগনের সম্মুখে প্রকাশ করা। এতে করে একদিকে যেমন স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে, অপরদিকে আমাদের অংশীজনের (stakeholder) সাথে সেতুবন্ধন তৈরিতে এ প্রতিবেদন সহায়তা করবে। আমার বিশ্বাস এই কর্ম প্রয়াস প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা ও যাবতীয় কার্যক্রমকে আরো গতিশীল করে তুলবে। শুধু তাত্ত্বিক ভাবেই নয় বরং বাস্তবে জলবায়ু পরিবর্তনের এই ক্ষতিকর প্রভার মোকাবিলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের মাধ্যমে কী কী কার্যক্রম গ্রহণ করেছে তার সামগ্রীক ধারণা এই প্রতিবেদনের মাধ্যমে প্রতিফলিত হবে।

“বার্ষিক প্রতিবেদন ২০২১-২২” প্রকাশের এ মহতী উদ্যোগে আমি জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, ট্রাস্টি বোর্ডের মাননীয় সদস্যবৃন্দ, ট্রাস্টি বোর্ডের সদস্য-সচিব এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয়কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। মূলতঃ তাঁদের প্রত্যক্ষ এবং সুচিন্তিত নির্দেশনায় বিসিসিটির সকল কার্যক্রম সুষ্টুভাবে পরিচালিত হচ্ছে। আমি আরো ধন্যবাদ জানাই কারিগরি কামিটির সকল সদস্যগণকে যাঁরা জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় প্রকল্প বাছাই কার্যক্রমে তাঁদের মেধা ও শ্রম দিয়ে বিসিসিটিকে বিশেষভাবে সহায়তা করছেন। এই প্রতিবেদন তৈরীর পেছনে অনেক চিন্তা-ভাবনা, সঠিক তথ্য উপাত্ত সংগ্রহকরন ও বিশ্লেষণ করতে বিসিসিটিতে কর্মরত আমার সকল সহকর্মী এ প্রতিবেদন প্রকাশে কমিটির নিরলস পরিশ্রম ও মেধাশক্তি ব্যয় করেছেন। আমি বিশ্বাস করি তাঁদের সম্মিলিত প্রচেষ্টায় প্রস্তুতকৃত এই প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট

# সম্পাদকীয় বার্তা

আইনের বাধ্যবাধকতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার চিন্তা থেকেই গত বছরের ন্যায় এ বছরও বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমরা সকলেই অবগত আছি যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট (BCCT) জলবায়ুর ক্ষতিকর প্রভাব মোকাবেলায় BCCSAP-2009 এর বিভিন্ন থিমাটিক এরিয়া অনুযায়ী প্রকল্প গ্রহন ও বাস্তবায়নে সহায়তা করার মাধ্যমে নিরলসভাবে তাঁর ঐকান্তিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জলবায়ু পরিবর্তনের বিষয়টিকে দেশের উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে স্বীকৃতি দিয়েছে। সরকার কর্তৃক জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলা এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠির অভিযোজনের লক্ষ্যে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯ বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়নে বৈদেশিক সহায়তার জন্য অপেক্ষা না করে ২০০৯-১০ অর্থবছরে সরকার নিজস্ব অর্থায়নে **বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড** গঠন করা হয়েছে। সম্পূর্ন রাজস্ব অর্থের মার্ধ্যমে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এ সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। যা বিশ্বে এক বিরল দৃষ্টান্ত। সরকার প্রতি বছর রাজস্ব বাজেট হতে প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশ ও জনগনের সক্ষমতা অর্জনে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বার্ষিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে এ কার্যালয়ের বিগত ২০১৮-১৯ অর্থ বছরের কার্যক্রম ও উন্নয়নের ধারাবাহিকতা তুলে ধরার প্রয়াশ নেয়া হয়েছে।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ১৮(৪) ধারার বিধান অনুসারে “বার্ষিক প্রতিবেদন ২০২১-২২” প্রকাশের লক্ষ্যে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) কর্তৃক ‘বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি’ (পরশিষ্ট-১) গঠন করা হয়। এ কার্যালয়ের প্রতিটি অধিশাখা হতে সর্বশেষ অর্থ বছরে সম্পাদিত কাজের বিবরণ সংগ্রহ করে বিবরণসমূহ সংকলন ও পরিমার্জনক্রমে “বার্ষিক প্রতিবেদন ২০২১-২২” এর খসড়া চূড়ান্ত করা হয়।

এ প্রতিবেদনে মূলত ২০২১-২২ অর্থ বছরে বিসিসিটির তিনটি অধিশাখার আওতায় সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম উপস্থাপন করা হয়েছে। বিসিসিটির কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে দেশের বাইরে ও অভ্যন্তরে বিভিন্ন প্রতিষ্ঠানে এবং বিসিসিটিতে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

বিসিসিটির সার্বিক কাযক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সার্বিক সহায়তার জন্য সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়েরকে জানাই আন্তরিক সাধুবাদ। “বার্ষিক প্রতিবেদনঃ ২০২১-২২” প্রকাশের জন্য প্রয়োজনীয় সকল দিক-নির্দেশনা প্রদান এবং সার্বক্ষণিক তত্ত্বাবধানের জন্য আমি আন্তরিক ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা জানাই এ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়কে। মূলতঃ তাঁর ঐকান্তিক আগ্রহ ও উৎসাহের ফলেই স্বল্পতম সময়ে এ প্রতিবেদনটি প্রস্তুত করা সম্ভব হয়েছে। পরিশেষে, আমি কৃতজ্ঞতা জানাই ‘বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটির সকল সদস্যকে যারা তাদের দায়িত্বশীলতা ও কর্মনিষ্ঠার স্বাক্ষর রেখে প্রতিবেদন প্রকাশনার প্রয়াসকে সাফল্য মন্ডিত করেছেন। পরিশেষে যথার্থ ও অর্থবহ এমন একটি সেমিনার আয়োজন করার জন্য বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এবং সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(নাসির-উদ-দৌলা)
সচিব (বিসিসিটি)
ও
আহবায়ক
বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট

# সূচীপত্র


| ক্রমিক নং | সূচী | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | শুভেচ্ছা বাণী | ৪-৫ |
| ০২ | মুখবন্ধ | ৬ |
| ০৩ | সম্পাদকীয় | ৭ |
| ০৪ | ভূমিকা | ৯ |
| ০৫ | বিসিসিটি পরিচিতি | ১০ |
| ০৬ | ভিশন | ১০ |
| ০৭ | মিশন | ১০ |
| ০৮ | বিসিসিটির লক্ষ্য | ১০ |
| ০৯ | বিসিসিটির আইন/প্রাতিষ্ঠানিক কাঠামো | ১১ |
| ১০ | বিসিসিটির প্রশাসন ও অর্থ অধিশাখার কার্যক্রম | ১৩-১৮ |
| ১১ | বিসিসিটির পরিকল্পনা, উন্নয়ন ও নেগোসিয়েশন অধিশাখার কার্যক্রম | ১৯-৩৩ |
| ১২ | বিসিসিটির পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখার কার্যক্রম | ৩৪-৩৮ |
| ১৩ | সিসিটিএফ এর অর্থায়নে ২০২১-২২ অর্থবছরে অনুমোদিত প্রকল্পের তালিকা | ২৪-৩০ |
| ১৪ | ২০২১-২২ অর্থবছরে প্রশাসনিক অনুমোদন আদেশ জারীকৃত প্রকল্পের তালিকা | ৩১-৩৩ |
| ১৫ | বিসিসিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের চিত্র | ৩৯-৪৫ |

# বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি)
## পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

## ভূমিকা

অপার সৌন্দর্যের লীলাভূমি বাংলাদেশ। ঐতিহ্যবাহী সংস্কৃতি, ইতিহাস ও সমৃদ্ধ জীববৈচিত্র্যের কারণে এই দেশ সোনার বাংলা হিসেবে পরিচিত। কিন্তু জলবায়ু পরিবর্তনজনিত নানা কারণে আবহমান বাংলার সেই রুপ-লাবণ্য মলিন হতে বসেছে। বর্তমানে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিভিন্ন প্রাকৃতিক কারণে বাংলাদেশ পৃথিবীর অন্যতম জলবায়ু ঝুঁকিপূর্ণ একটি দেশ। ইতোমধ্যে এদেশের কৃষি, পানি, জীববৈচিত্র্য, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য, অবকাঠামোসহ প্রায় সকল ক্ষেত্রেই জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব পড়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব সমগ্র মানবজাতির উন্নয়নের জন্য এক বিরাট চ্যালেঞ্জ। ক্রমবর্ধমান নগরায়ণ ও শিল্পায়নের ফলে প্রতিনিয়ত নষ্ট হচ্ছে পৃথিবীর জলবায়ুর স্বাভাবিক আচরণ ও প্রাকৃতিক ভারসাম্য। বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের নির্দোষ শিকার।

বাংলাদেশের নিম্নাঞ্চল পৃথিবীর বৃহত্তম নদীর মোহনায় গঠিত হওয়ায় প্রাকৃতিক দুর্যোগকবলিত হওয়ার প্রবণতা বেশি। অধিকন্তু, এই ভূ-খন্ড এশিয়ার বৃষ্টিবহুল এলাকা দ্বারাও পরিবেষ্টিত। এ দেশের ৬০ শতাংশ ভূমি সমুদ্রপৃষ্ঠ হতে মাত্র ৫ মিটার উচ্চতায়। HCCPR (Headley Center for Climate Prediction and Research) এর প্রাক্কলন অনুযায়ী বাংলাদেশে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ২০৮০ সাল নাগাদ ৪০ সেন্টিমিটার (১৫ ইঞ্চি) বৃদ্ধি পাবে (Streatfield, ২০১৮)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জলবায়ু পরিবর্তনের বিষয়টিকে দেশের উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে স্বীকৃতি দিয়েছে। যার ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় ২০০৯-১০ সালে জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ড গঠন করা হয়। এই তহবিল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ বলবৎ করা হয়। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট (BCCT), জলবায়ুর ক্ষতিকর প্রভাব মোকাবেলায় BCCSAP-2009 এর বিভিন্ন থিমেটিক এরিয়া অনুযায়ী প্রকল্প গ্রহন ও বাস্তবায়নে সহায়তা করার মাধ্যমে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর বিধান অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ১১ জন মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, অর্থ সচিব, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, পরিকল্পনা কমিশনের একজন সদস্য ও সিভিল সোসাইটির দুই জন বিশেষজ্ঞসহ মোট ১৭ জন সদস্য নিয়ে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। উক্ত বোর্ডকে সহায়তা করার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে ১৩ সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়েছে। বস্তুত: তাদের সুযোগ্য নেতৃত্বে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলের সার্বিক কর্মকান্ডে যথেষ্ট গতিশীলতা এসেছে এবং প্রকল্পের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে।

স্বল্পোন্নত দেশ হওয়া সত্ত্বেও জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী উন্নত দেশের তহবিল প্রাপ্তির উপর নির্ভর না করে নিজস্ব অর্থায়নে জলবায়ু পরিবর্তনের বৈরি প্রভাব মোকাবেলার জন্য সরকারের রাজস্ব বাজেট হতে গঠন করা হয় 'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ)'। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক অভিঘাত মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সরকারের গৃহীত এ উদ্যোগ সমগ্র বিশ্বে ভূয়সী প্রশংসা অর্জন করে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী সিদ্ধান্ত ও নেতৃত্ব প্রদান এবং পরিবেশ সুরক্ষা ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য জাতিসংঘের পরিবেশ বিষয়ক সর্বোচ্চ পুরস্কার "Champions of the earth-2015" প্রদান করা হয়েছে।

# ১.০ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি)

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন-১০ এর ধারা ৩ মোতাবেক ২৪ জানুয়ারি, ২০১৩ তারিখে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) গঠন করা হয়েছে। ইতোপূর্বে গঠিত ক্লাইমেট চেঞ্জ ইউনিট এর জনবলসহ সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি উক্ত ট্রাস্টে স্থানান্তর করা হয়েছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর আওতায় গঠিত জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড এবং কারিগরি কমিটির সাচিবিক দায়িত্ব পালনসহ এ ট্রাস্ট ফান্ডের অন্যান্য কার্যক্রম সম্পাদন করে আসছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন ব্যবস্থাপনা পরিচালক ট্রাস্টের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়াও যুগ্ম-সচিব পদমর্যাদার একজন উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং উপসচিব পদমর্যাদার একজন সচিব ও ০২ জন পরিচালক রয়েছেন। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ০৩টি অধিশাখা রয়েছে। অধিশাখাসমূহ নিম্নরুপ;

(১) প্রশাসন ও অর্থ অধিশাখা

(২) পরিকল্পনা, উন্নয়ন ও নেগোসিয়েশন অধিশাখা ও

(৩) পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা।

**১.১ রূপকল্প (ভিশন):** জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় সক্ষম বাংলাদেশ গড়ে তোলা।

**১.২ অভিলক্ষ্য (মিশন):**

(ক) জলবায়ু পরিবর্তনের নেতিবাচক অভিঘাত মোকাবেলায় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯ অনুসারে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

(খ) জলবায়ু পরিবর্তনের কারণে মানুষ, জীববৈচিত্র্য ও প্রকৃতির উপর বিরুপ প্রভাব মোকাবেলায় অভিযোজন, প্রশমন, প্রযুক্তি উন্নয়ন ও হস্তান্তর, সক্ষমতা বৃদ্ধি এবং অর্থের ব্যবস্থা গ্রহণ করার বা করার পক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

(গ) কার্বন নিঃসরণের হার কমানোর লক্ষ্যে পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহার বৃদ্ধিকরণ।

**১.৩ ট্রাস্টের লক্ষ্য:**

(ক) জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্থ ও ঝুঁকিপূর্ণ অঞ্চলের জনসাধারণে বা জনগোষ্ঠীর খাপ খাওয়ানোর সক্ষমতা বৃদ্ধি, জীবন-জীবিকার মানোন্নয়ন ও দীর্ঘমেয়াদি ঝুঁকি মোকাবেলায় প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা;

(খ) জলবায়ু পরিবর্তন জনিত কারণে মানুষ, জীববৈচিত্র্য ও প্রকৃতির উপর বিরুপ প্রভাব মোকাবেলায় অভিযোজন, প্রশমন, প্রযুক্তি উন্নয়ন ও হস্তান্তর, সক্ষমতা বৃদ্ধি এবং অর্থের ব্যবস্থা গ্রহণ করার বা করার পক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

## ১.৪ ট্রাস্টের উদ্দেশ্য:

(ক) সরকারের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের বাইরে বিশেষ ক্ষেত্র হিসেবে জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় এ ট্রাস্ট তহবিল ব্যবহার;

(খ) জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিশেষ কর্মসূচি বাস্তবায়ন ও টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;

(গ) জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তৃণমূল পর্যায়ে স্থানীয় জনগোষ্ঠীর প্রাতিষ্ঠানিক, সামাজিক সক্ষমতা বৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়ন সংক্রান্ত প্রকল্প বা কর্মসূচি গ্রহণ;

(ঘ) জলবায়ু পরিবর্তন মোকাবেলায় অভিযোজন (Adaptation), প্রশমন, (Mitigation), প্রযুক্তি হস্তান্তর (Technology Transfer), এবং অর্থ বিনিয়োগ (Finance & Investment) এর ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবহারিক গবেষণা এবং গবেষণালব্ধ ফলাফলের আলোকে উপযুক্ত বিস্তারসহ পাইলট কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;

(ঙ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে স্থাপিত জলবায়ু পরিবর্তন ইউনিট (Climate Change Unit) সহ বিভিন্ন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তরে গঠিত জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জলবায়ু সেল (Climate Change Cell) বা ফোকাল পয়েন্ট (Focal Point) –কে কার্যকর ভূমিকা রাখিতে সহায়তা করা;

(চ) জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাব্য পরিবেশ বিপর্যয় সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি ও বিপর্যয় মোকাবেলার জন্য প্রাতিষ্ঠানিক, সামাজিক বা স্থানীয় জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচনের লক্ষ্যে উপযুক্ত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করা;

## ১.৫ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যাবলী:

- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের সার্বিক ব্যবস্থাপনা;
- জলবায়ূ পরিাবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর আওতায় গঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড এবং কারিগরি কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করা;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রকল্পসমূহ কারিগরি কমিটিতে উপস্থাপন এবং কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্প প্রস্তাবসমুহ ট্রাস্টি বোর্ডের সভায় উপস্থাপন করা;
- ট্রাস্টি বোর্ড এর সিদ্ধান্তসমুহ বাস্তবায়ন করা;
- বাস্তবায়নাধীন প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ণ কার্যক্রম গ্রহণ করা।
- ট্রাস্টের প্রশাসনিক ব্যবস্থাপনা ও মানব সম্পদ উন্নয়ন:
- স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে তথ্য প্রকাশ করা।

# ২.০ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের আইনি/প্রাতিষ্ঠানিক কাঠামো:

## ২.১ আইন, নীতিমালা, বিধি ও গাইডলাইন:

- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড নীতিমালা, ২০১০
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচন ও প্রকল্প বাস্তবায়ন নীতিমালা, ২০১০
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা, ২০১২
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৩
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিচালনা প্রবিধানমালা, ২০১৩
- স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন

## ২.২ জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড:

জলবায়ূ পরিবর্তন ট্রাস্ট ফান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ প্রণয়ন করা হয়। উক্ত আইনের ক্ষমতাবলে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ১১ জন মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, অর্থ সচিব, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, পরিকল্পনা কমিশনের একজন সদস্য ও সিভিল সোসাইটির দুই জন বিশেষজ্ঞসহ মোট ১৭ জন সদস্য নিয়ে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। ট্রাস্টের সার্বিক কাজ পরিচালনা ও নিয়ন্ত্রণ করাই ট্রাস্টি বোর্ডের মূল কাজ। ট্রাস্টি বোর্ডের গঠন পরিশিষ্ট-২ এ সন্নিবেশিত করা হলো।

## ২.৩ জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটি:

ট্রাস্টি বোর্ডকে সহায়তা করার জন্য জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর বিধান অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে ১৩ সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়েছে। কারিগরি কমিটির গঠন পরিশিষ্ট-৩ এ সন্নিবেশিত করা হলো। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবোয় নীতিমালা অনুযায়ী নির্ধারিত ছকে সরকারি সংস্থার মাধ্যমে সুনির্দিষ্ট কোন প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হলে তা কাগিরি কমিটির সুপারিশক্রমে ট্রাস্টি বোর্ডে উপস্থাপন করা হয়। ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হলে ট্রাস্ট হতে উক্ত প্রকল্পসমূহের অনুকূলে অর্থছাড় করা হয়। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট সরকারি বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ প্রাথমিকভাবে যাচাই বাছাই করে (প্রকল্প প্রস্তাবের কার্যক্রম বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯-এর ৬ টি থিমেটিক এরিয়ার আওতায় ৪৪টি কর্মসূচি এবং ১৪৬ টি কার্যক্রম সংশ্লিষ্ট কি-না, প্রকল্পের ব্যয় ১৫ কোটি টাকায় সীমিত রাখা হয়েছে কি-না, নির্ধারিত ছকে প্রকল্প প্রস্তাব দাখিল করা হয়েছে কি-না, একই nature-এর কম্পোনেন্ট অন্তর্ভুক্ত করা হয়েছে কি-না ইত্যাদি) জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটি সভায় উপস্থাপন করে থাকে। জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটি জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় প্রকল্পের কার্যকারিতা ও যথার্থতা বিবেচনায় তা জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়ে থাকে। উল্লেখ্য, জলবায়ু পরিবর্তন বিষয়ক কারিগরি কমিটিকে সহায়তা প্রদান করার জন্য ২টি সাব-কমিটি রয়েছে। করিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড সভায় উপস্থাপন করা হলে ট্রাস্টি বোর্ড প্রকল্পসমূহের গ্রহণযোগ্যতা বিবেচনায় তা চূড়ান্তভাবে বাস্তবায়নের জন্য অনুমোদন করে থাকে।

# ২০২০-২১ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী

## প্রশাসন ও অর্থ অধিশাখা

**৩.০ প্রশাসন ও অর্থ অধিশাখা:**

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ৩টি অধিশাখার মধ্যে 'প্রশাসন ও অর্থ' অধিশাখা অন্যতম। 'প্রশাসন ও অর্থ' অধিশাখার প্রধান হচ্ছেন সচিব যিনি সরকারের উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। 'প্রশাসন ও অর্থ' অধিশাখায় মোট ৪০ জন জনবল রয়েছে। সচিব, বিসিসিটি এর অধীনে ১ (এক) জন উপ-পরিচালক, ১ (এক) জন মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ১ (এক) জন সহকারী পরিচালক, ১ (এক) জন নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, ১ (এক) জন সহকারী প্রোগ্রামারসহ বর্তমানে ৩০ জন কর্মরত রয়েছেন। 'প্রশাসন ও অর্থ' অধিশাখায় জলবায়ু পরিবর্তন ট্রাস্টের প্রশাসন, পরিবহন, বাজেট, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবস্থাপনা, স্থায়ী আমানত ব্যবস্থাপনা, অনুমোদিত প্রকল্পের অনুকুলে অর্থছাড়করণ ইত্যাদি কার্যক্রম সম্পাদন হয়ে থাকে।

**৩.১ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্গানোগ্রাম এবং লোকবলের বিবরণঃ**

৩.১.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ অনুযায়ী বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিচালনার জন্য অতিরিক্ত সচিব পদ মর্যাদার একজন ব্যবস্থাপনা পরিচালক রয়েছেন এবং তিনি ট্রাস্টের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োজিত আছেন। এছাড়াও যুগ্ম-সচিব পদমর্যাদার একজন উপ-ব্যবস্থাপনা পরিচালক, একজন সচিব ও ২ (দুই) জন পরিচালক রয়েছেন। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্গানোগ্রামে মোট ৮২ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রয়েছে **(পরিশিষ্ট-৪)** এবং ট্রাস্টি বোর্ড কর্তৃক ১৫০ জনবলের অর্গানোগ্রাম ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। বর্তমানে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কর্মরত কর্মকর্তা/কর্মচারী পরিসংখ্যান নিম্নরূপঃ

| গ্রেড | অনুমোদিত জনবল | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| **১ম শ্রেণী (গ্রেড ২ হতে ৯)** | **২৫** | **১৬** | **০৯** |
| **২য় শ্রেণী (গ্রেড ১০)** | **০৩** | **০১** | **০২** |
| **৩য় শ্রেণী (গ্রেড ১১ হতে ১৬)** | **২৯** | **২০** | **০৯** |
| **৪র্থ শ্রেণী (গ্রেড ১৭ হতে ২০)** | **২৫** | **২১** | **০৪** |
| **মোট:** | **৮২** | **৫৮** | **২৪** |




## ৩.২ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলে ২০২০-২১ অর্থবছরে বরাদ্দ প্রাপ্ত অর্থের ব্যবস্থাপনাঃ

৩.২.১ জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলার জন্য সরকার কর্তৃক রাজস্ব বাজেট হতে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে ২০২১-২২ অর্থবছরে ১০০.০০ (একশত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। কিন্তু অর্থবিভাগ কর্তৃক বরাদ্দকৃত ১০০.০০ (একশত) কোটি টাকা মধ্য হতে ৯৯.৩৭৯৪৬৬১ কোটি টাকা ছাড় করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলে এ পর্যন্ত ৩৮১৮.৭১৯৪৬৬১ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।




৩.২.২ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন-২০১০ এর বিধান অনুযায়ী জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে বরাদ্দকৃত অর্থের মধ্যে ৬৬% জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে ব্যবহৃত হয় এবং ন্যুনতম ৩৪% স্থায়ী আমানত হিসেবে রাখার বাধ্যবাধকতা রয়েছে। সে প্রেক্ষিতে ২০২১-২২ অর্থবছরে বরাদ্দকৃত ১০০.০০ কোটি টাকার ৩৪% সমপমিান ৩৪.০০ কোটি টাকা বিভিন্ন সরকারি ও বেসরকারী ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে রাখা হয়েছে এবং অবশিষ্ট ৬৬%এর সমপরিমান ৬৬.০০ কোটি টাকা অর্থ বিভাগ হতে ছাড় না করে ছাড়কৃত ৬৫.৩৭৯৪৬৬১ কোটি টাকা প্রকল্প/কর্মসূচির অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়।

৩.২.৩ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে ২০২১-২২ অর্থবছরে প্রকল্প/কর্মসূচির অনুকূলে সর্বমোট ১৬৬.৩২৪৮১৭০ কোটি টাকা ছাড় করা হয়েছে। উক্ত অর্থ ৩০৫ টি সরকারি প্রকল্পের অনুকূলে অর্থছাড় করা হয়েছে।

### ৩.৪ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের স্থায়ী আমানতের ব্যবস্থাপনাঃ

৩.৪.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে বরাদ্দকৃত অর্থের ৩৪% জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন অনুসরণপূর্বক বিভিন্ন সরকারি ও বেসরকারী ব্যাংকে স্থায়ী আমানত রাখা হয়। অর্থবিভাগ হতে ২০০৯-২০১০ অর্থ বছর হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত বরাদ্দকৃত সর্বমোট ৩৮১৮.৭১৯৪৬৬১ কোটি (তিন হাজার আটশত আঠার কোটি একাত্তর লক্ষ চুরানব্বই হাজার ছয়শত একষট্টি) টাকার আইন অনুযায়ী ৩৪% এর সমপরিমান অর্থ অর্থাৎ ১২৯৮.৩৬৪৬১৮৪৭ কোটি (এক হাজার দুইশত আটানব্বই কোটি ছত্রিশ লক্ষ ছেচল্লিশ হাজার একশত চুরাশি দশমিত সাত) টাকা স্থায়ী আমানত হিসেবে রাখা হয়েছে। এছাড়া, ২০০৯-২০১০ অর্থবছরে অব্যবহৃত ১০৩.৩৩৩৩ কোটি টাকা স্থায়ী আমানত হিসাবে রাখার জন্য অর্থ বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইনের বিধান এবং অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক (১২৯৮.৩৬৪৬১৮৪৭ + ১০৩.৩৩৩৩)=১৪০১.৬৯৭৯১৮৪৭ (এক হাজার চারশত এক কোটি উনসত্তর লক্ষ উনআশি হাজার একশত চুরাশি দশমিক সাত) কোটি টাকা স্থায়ী আমানত হিসেবে রাখার বাধ্যবাধকতা রয়েছে।

### ৩.৫ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের বাজেট সংক্রান্ত তথ্যাদিঃ

৩.৫.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর ১৫(৫) ধারা অনুসারে ট্রাস্ট ফান্ড হতে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট পরিচালনার ব্যয় নির্বাহ করার বিধান রয়েছে। ট্রাস্টি বোর্ড কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে ট্রাস্টের অনুকূলে থোক বরাদ্দ প্রদান করা হয়। ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত ট্রাস্টের ব্যয় নির্বাহের জন্য ১০৫.০ কোটি টাকা থোক বরাদ্দ করা

হয়েছে। উক্ত অর্থ ব্যাংকে মেয়াদি আমানত হিসাবে জমা রেখে তার উপর অর্জিত সুদ হতে ট্রাস্ট পরিচালনার ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত প্রদান করা হয়।

৩.৫.২ ট্রাস্ট পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ড কতৃর্ক ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ৭.৪৬১০ কোটি (সাত কোটি ছেচল্লিশ লক্ষ দশ হাজার) টাকা এবং সংশোধিত বাজেটে ৬.২৬০৯ কোটি (ছয় কোটি ছাব্বিশ লক্ষ নয় হাজার) টাকার সংস্থান রাখা হয় এবং ট্রাস্ট পরিচালনার জন্য ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট হতে ৫.৮৩৭৫৫২১ কোটি (পাঁচ কোটি তিরাশি লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত একুশ) টাকা ব্যয় করা হয়েছে।

**৩.৬ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অডিট সংক্রান্ত তথ্যাদিঃ**

৩.৬.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ এ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ২০১০ এর সংশ্লিষ্ট ধারা (সমূহ) অনুযায়ী বাংলাদেশ মহা হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক প্রতি বছর প্রকল্পের নিরীক্ষা করবেন এবং নিরীক্ষা রিপোর্টের অনুলিপি সরকার ও বোর্ড এর নিকট পেশ করার বিধান রয়েছে। প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে মর্মে উল্লেখ রয়েছে।

৩.৬.২ ২০১৯-২০ অর্থবছরের বিসিসিটির অডিট কার্যক্রম সম্পাদন করা হয়েছে। অডিট টিম কর্তৃক প্রাথমিকভাবে ০৮টি অডিট আপত্তি প্রদান করা হয়েছে। ০৮টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রদান করা হয়েছে।

**৩.৭ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদিঃ**

৩.৭.১ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের দৈনন্দিন কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক** কর্মকর্তা-কর্মচারীগণের জন্য ৬০ ঘন্টার অভ্যন্তরীণ প্রশিক্ষণ সম্পন্ন করার লক্ষ্য ছিল। নিম্নে ২০২১-২২ অর্থবছর সম্পকিত প্রশিক্ষণের বিস্তারিত বিবরণ তুলে ধরা হলঃ

| ক্র: নং | প্রশিক্ষণ/কর্মশালার শিরোনাম | দিন | অনুষ্ঠানের তারিখ | ঘন্টা | অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ | ১ দিন ব্যাপি | ২৪/০৪/২০২২ | ৮ | ২৫ |
| ২ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ | ৩ দিন ব্যাপি | ১৪/০৯/২০২১<br>২১/১২/২০২১<br>২৩/১২/২০২১ | ১৬ | ৭৬ |
| ৩ | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রশিক্ষণ | ১ দিন ব্যাপি | ১০/০১/২০২২ | ৭ | ২৪ |
| ৪ | সঞ্জীবনী ও উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ | ০৩ দিন ব্যাপি | ০৯-১১/০৩/২০২২ | ২৪ | ৩২ |
| ৫ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় | ১ দিন ব্যাপি | ০৬/০৬/২০২২ | ৮ | ৩০ |
| ৬ | সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত ২ দিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালা | ৪ দিন ব্যাপি | ২৪/০৫/২০২২<br>২৫/০৫/২০২২<br>২৯/০৫/২০২২<br>৩০/০৫/২০২২ | ২৮ | ৯৬ |
| ৭ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপন (জিআরএস) বিষয়ে তাত্ত্বিক ধারণা প্রদান, জিআরএস | ৪ দিন ব্যাপি | ১৬/০২/২০২২<br>১৭/০২/২০২২ | ২৮ | ৬৬ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | সফটওয়্যার বিষয়ক দক্ষতা বৃদ্ধি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ক দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত শীর্ষক প্রশিক্ষণ। | | ২০/০২/২০২২<br>০৮/০৬/২০২২ | | |
| ৮ | তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা | ৩দিন ব্যাপী | ২৪/০৪/২০২২<br>০৯/০৬/২০২২<br>১২/০৬/২০২২ | ৩২ | ৮৫ |

### ৩.৮ তথ্য প্রযুক্তি কার্যক্রমঃ

**৩.৮.১** জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য এ কার্যালয়ের ওয়েবসাইটে (www.bcct.gov.bd) ২০২১-২২ অর্থবছরে অনুমোদিত প্রকল্পের তালিকা, সিটিজেন চার্টার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২, শুদ্ধাচার কর্ম-কৌশল ও পরিকল্পনা ২০২১-২২, জলবায়ু সম্মেলন সংক্রান্ত তথ্য, ক্রয় সংক্রান্ত বিজ্ঞাপন, আইন-বিধি প্রকাশ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত কার্যক্রমের তথ্য ওয়েবসাইটে প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।

**৩.৮.২** Bangladesh Climate Change Trust (URL:f/www.bcct.gov.bd) নামে ফেইসবুক পেইজে জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম ও বিভিন্ন তথ্য নিয়মিত উপস্থাপন করা হয়। ২০২১-২২ অর্থবছরে ফেইসবুক পেইজে বিসিসিটির অভ্যন্তরীণ প্রশিক্ষণ, প্রকল্পের কার্যক্রম, ট্রাস্টি বোর্ড, কারিগরি কমিটির সভার তথ্য এবং জলবায়ু পরিবর্তন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির ছবিসহ তথ্য প্রদান করা হয়েছে।

### ৩.৯ বিশ্ব জলবায়ু সম্মেলনে (COP-26) অংশগ্রহণ:

**৩.৯.১** বিগত ০৩-০৯ অক্টোবর, ২০২১ সময়ে সংযুক্ত আরব আমিরাত এর দুবাই শহরে অনুষ্ঠিত ‘World Expo 2020 Dubai’ সম্মেলনে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ০৬ জন এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ১ জন প্রতিনিধি অংশগ্রহণ করেছেন। উক্ত সম্মেলনে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রমের উপর প্রামাণ্য ভিডিও চিত্র প্রদর্শন করা হয়েছে।

**৩.৯.২** United Nations Framework Convention on Climate Change (UNFCCC) এ স্বাক্ষরকারী সকল দেশের অংশগ্রহণে প্রতিবছর Conference of the Parties (COP-26) অনুষ্ঠিত হয়েছে, যা বিশ্ব জলবায়ু সম্মেলন নামে অভিহিত। বিগত ৩১ অক্টোবর হতে ১২ নভেম্বর ২০২১ সময়ে যুক্তরাজ্যের গ্লাসগো শহরে বিশ্ব জলবায়ু সম্মেলন (কপ-২৬) অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে বাংলাদেশ প্রতি বছরের মতো জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে একটি প্যাভিলিয়ন স্থাপন করেছে। কপ-২৬ এ বাংলাদেশ প্যাভিলিয়ন স্থাপন করায় বিভিন্ন সাইড ইভেন্ট আয়োজন ও উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক সভা করা সহজতর হয়েছে। বাংলাদেশ ডেলিগেশনের সাথে অত্র ট্রাস্টের ৩ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট উক্ত সম্মেলনে বাংলাদেশের পক্ষে প্যাভিলিয়ন স্থাপন, সাইড ইভেন্ট আয়োজনসহ বাংলাদেশ প্রতিনিধি দলের লজিস্টিক সহায়তা প্রদান করেছে। বিসিসিটির পক্ষ থেকে প্যাভিলিয়নে ও সাইড ইভেন্টে আগত দর্শনার্থীদের ৫০০ (পাঁচশত)টি জুট ব্যাগ ও জুট থেকে তৈরি ২০০ (দুইশত) জুট চা (Jute Tea) প্যাকেট এবং বিসিসিটির প্রকাশনাসমূহ বিতরণ করা হয়েছে। এছাড়া উক্ত সম্মেলনে বাংলাদেশ প্যাভিলিয়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রমের উপর প্রামাণ্য ভিডিও চিত্র প্রদর্শন করা হয়েছে।

**৩.৯.৩** বিগত ০৮ থেকে ১২ মে ২০২২ তারিখ Abidjan, Cote d’lvoire এ United Nation Convention to Combat Desertification (UNCCD) এর পঞ্চদশ সম্মেলনে (COP- 15) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে ০২ জন প্রতিনিধি অংশগ্রহণ করেছেন।

**৩.১০ অন্যান্য কার্যক্রমঃ**

**৩.১০.১ জাতীয় সংসদের প্রশ্নোত্তর প্রেরণঃ** ২০২১-২২ অর্থবছরে একাদশ জাতীয় সংসদ কর্তৃক চাহিত তথ্যাদি বা প্রশ্নের শতভাগ উত্তর প্রদান করা হয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ এবং ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত কার্যক্রম, অনুমোদিত প্রকল্পের হালনাগাদ তথ্য, জেলাভিত্তিক, থিমেটিক এরিয়া ভিত্তিক ও মন্ত্রণালয় ভিত্তিক তালিকা প্রেরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ট্রাস্ট ফান্ডের ভবিষৎ পরিকল্পনা ইত্যাদি বিষয়ে প্রশ্নের উত্তর প্রেরণ করা হয়েছে।

**৩.১০.২ মন্ত্রিপরিষদ সভায়, জাতীয় সংসদে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্পর্কিত স্থায়ী কমিটি এবং জাতীয় প্রতিশ্রুতি কমিটির সভায়** বিভিন্ন সময়ে এ কার্যালয় এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড এর বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত চাহিত তথ্য প্রেরণ করা হয়ে থাকে। এছাড়া জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ, ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত কার্যক্রম, অনুমোদিত প্রকল্পের হালনাগাদ তথ্য ইত্যাদি বিষয়ে মন্ত্রীপরিষদ বিভাগ, জাতীয় সংসদের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্পর্কিত স্থায়ী কমিটি, জাতীয় প্রতিশ্রুতি কমিটির কাছে নিয়মিত তথ্য প্রেরণ করা হয়ে থাকে।

**৩.১০.৩ ট্রাস্টের রক্ষনাবেক্ষণ কার্যক্রমঃ** অত্র ট্রাস্টের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ৬ষ্ঠ তলার লবির জন্য এক সেট ভালমানের সোফা সেট স্থাপন, ট্রাস্টে পানির অপচয় রোধে সেন্সর পানির কল স্থাপন, কম্পিউটার সামগ্রী ক্রয়, ট্রাস্টের ০৪টি দপ্তরে (মোট ০৮ টন) নতুন এসি/শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয়, সেমিনার আয়োজনের লক্ষ্যে সেমিনার কক্ষ এবং অডিটরিয়াম ব্যবহার উপযোগী করা, গাড়ী মেরামত ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

**৩.১০.৪ সমন্বয় সভাঃ** বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ের অভ্যন্তরীণ বিষয়, নথি ব্যবস্থাপনা, প্রকল্প মনিটরিং এবং প্রশাসন ও অর্থ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ২০২১-২২ অর্থবছরে অত্র ট্রাস্টের ব্যবস্ক্ষপনা পরিচালক (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে মোট ১২টি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে বিভিন্ন সময়ে নির্দেশনা/মতামত/তথ্য চাওয়া হয়। এ সব নির্দেশনা/মতামত/তথ্য মাসিক সমন্বয় সভায় আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণক্রমে তা বাস্তবায়ন করা হয়।

**৩.১১ পরিবেশ মেলায় অংশগ্রহণ:**

বিশ্ব পরিবেশ দিবস ০৫ জুন, ২০২২ উদযাপন উপলক্ষ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাণিজ্য মেলার মাঠে সাত দিনব্যাপি পরিবেশ মেলার আয়োজন করা হয়েছে। প্রতিবারের ন্যায় উক্ত মেলায় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক একটি স্টল স্থাপন করা হয়েছে। স্টলে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের চিত্রের ডামী, অনুমোদিত প্রকল্পসমূহের প্রজেক্ট প্রোফাইল, ট্রাস্টের কার্যক্রমের উপর পুস্তিকা, বুকলেট, ব্রুশিয়ার ও লিফলেট বিতরণ করা হয়েছে। তাছাড়া জলবায়ু পরিবর্তন জনিত নেতিবাচক প্রভাব মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধি করার অংশ হিসেবে কুইজ প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে।

# পরিকল্পনা, উন্নয়ন ও নেগোসিয়েশন অধিশাখা

৪.০ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে 'পরিকল্পনা, উন্নয়ন ও নেগোসিয়েশন' নামে একটি পৃথক অধিশাখা রয়েছে। এ অধিশাখায় পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও নোগোসিয়েশন) এর অধীনে ২ জন উপ-পরিচালক এবং ৫ জন সহকারী পরিচালক রয়েছে। বর্তমানে এ অধিশাখায় পরিচালক হিসেবে কর্মরত রয়েছেন সরকারের একজন উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তা। পরিকল্পনা, উন্নয়ন ও নোগোসিয়েশন অধিশাখার উল্লেখযোগ্য কার্যক্রম হলো;

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবের সার্বিক ব্যবস্থাপনা;
- কারিগরি কমিটি ও ট্রাস্টি বোর্ড-কে সাচিবিক সহায়তা প্রদান;
- ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা;
- জলবায়ু পরিবর্তন বিষয়ক বিভিন্ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও গ্রহণ;
- পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন মতামত তৈরি ও প্রেরণ।
- জলবায়ু পরিবর্তন সংশ্লিষ্ট জাতীয়/আন্তর্জাতিক নেগোশিয়েশন সংক্রান্ত যাবতীয় কাজ;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের জলবায়ু পরিবর্তন সেল (Climate Change Cell) বা ফোকাল পয়েন্ট (Focal Point)-কে কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- সরকারের অর্থায়ন ব্যতীত অন্যান্য উৎস হতে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে প্রয়োজনে সরকারের অনুমোদন সাপেক্ষে বিভিন্ন দাতা দেশ বা সংস্থার সাথে যোগাযোগ, অর্থায়ন প্রাপ্তির উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ;
- কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

পরিকল্পনা, উন্নয়ন ও নোগোসিয়েশন অধিশাখায় ২০২১-২২ অর্থবছরে যে সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ নিম্নরূপ:

## ৪.১ ২০২১-২২ অর্থবছরে কারিগরি কমিটি ও ট্রাস্টি বোর্ড এর সভার বিবরণ:

২০২১-২২ অর্থবছরে কারিগরি কমিটির ২টি সভা ও ট্রাস্টি বোর্ডের ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২১-২২ অর্থবছরে বিভিন্ন মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ কারিগরি কমিটিতে উপস্থাপন করা হয়। কারিগরি কমিটি কর্তৃক ১৬০ টি প্রকল্প প্রস্তাব ট্রাস্টি বোর্ডে উপস্থান করার বিষয়ে সুপারিশ করা হয়। ট্রাস্টি বোর্ড কর্তৃক ২০২১-২২ অর্থবছরে সর্বমোট ৫৫ টি প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়। ২০২১-২২ অর্থবছরে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ড এবং কারিগরি কমিটির সভার বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

## ২০২১-২২ অর্থবছরে অনুষ্ঠিত কারিগরি কমিটির সভার বিবরণঃ

| ক্র.নং | সভা নং | সভার তারিখ | সভাপতি | সুপারিশকৃত প্রকল্প সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ৫৭ তম সভা | ২৪, নভেম্বর ২০২১ | জনাব মোঃ মোস্তফা কামাল<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ৬৪টি |
| ২. | ৫৮ তম সভা | ১৮ মে, ২০২২ | জনাব মোঃ মোস্তফা কামাল<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ৯৬টি |

## ২০২১-২২ অর্থবছরে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ড সভার বিবরণঃ

| ক্র.নং | সভা নং | সভার তারিখ | সভাপতি | অনুমোদিত প্রকল্প |
|---|---|---|---|---|
| ১. | ৫৫ তম সভা | ১২ ডিসেম্বর, ২০২১ | জনাব মো: শাহাব উদ্দিন, এম.পি,<br>মাননীয় মন্ত্রী,<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ৪৪ টি |
| ২. | ৫৬ তম সভা | ২৬ জুন, ২০২২ | জনাব মো: শাহাব উদ্দিন, এম.পি,<br>মাননীয় মন্ত্রী,<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ১১টি |

## ৪.২ ২০২১-২২ অর্থবছরে অনুমোদিত প্রকল্পের মন্ত্রণালয়ভিত্তিক বিন্যাসঃ

২০২১-২২ অর্থ বছরে অনুমোদিত মোট ৫৫টি প্রকল্পের মধ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়- সর্বোচ্চ ৩৫টি প্রকল্প অনুমোদন এবং সর্বোচ্চ ৭১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অবশিষ্ট প্রকল্পের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়- ৫টি, শিক্ষা মন্ত্রণালয়-৫টি, কৃষি মন্ত্রণালয়-৪; পানি সম্পদ মন্ত্রণালয় ০২টি; প্রতিরক্ষা মন্ত্রণালয় ২টি; দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-১টি এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ১টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। নিম্নে অনুমোদিত প্রকল্পের মন্ত্রণালয় ভিত্তিক বিবরণ তুলে ধরা হলো;

| ক্র:নং | মন্ত্রণালয়ের নাম | প্রকল্প সংখ্যা | অনুমোদিত ব্যয় (কোটি টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ৩৫টি | ৭১.০০০০ | - |
| ০২ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ৫টি | ৪১.৩৭৩৪ | - |
| ০৩ | শিক্ষা মন্ত্রণালয় | ৫টি | ১১.৪০০৪ | - |
| ০৪ | কৃষি মন্ত্রণালয় | ৪টি | ১১.৫০০০ | - |
| ০৬ | পানি সম্পদ মন্ত্রণালয় | ২টি | ৯.৮১৭১ | - |
| ০৭ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ২টি | ৫.০০০০ | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ১ টি | - | গত ২০২০-২১ অর্থবছরে ১৫.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে গৃহিত ০১টি প্রকল্প বাতিলপূর্বক ২০২১-২২ অর্থবছরে উক্ত অর্থ সমন্বয়পূর্বক ০১টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। |
